

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৭৩

পর্ব-৫: জানাযা (كتاب الجنائر)

পরিচ্ছেদঃ ৫. দিতীয় অনুচ্ছেদ - জানাযার সাথে চলা ও সালাতের বর্ণনা

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ قَرَأً عَلَى الْجَنَازَةِ بِفَاتِحَةِ الْكِتَابِ. رَوَاهُ التِّرْمِذِيّ وَأَبُو دَاوُد وَابْنِ مَاجَه

বাংলা

১৬৭৩-[২৮] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানাযার সালাতে সূরাহ্ আল্ ফা-তিহাহ্ পাঠ করেছেন। (তিরমিয়ী, আবূ দাউদ, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ : আত্ তিরমিয়ী ১০২৬, ইবনু মাজাহ্ ১৪৯৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: জানাযার সালাতে (প্রথম তাকবীর দিয়েই) সূরাহ্ আল ফা-তিহাহ্ পাঠ করবে। এ হাদীসটিতে সানাদ দুর্বলতা রয়েছে, কিন্তু এ ইবনু 'আব্বাস (রাঃ) থেকে সহীহুল বুখারীতে বিশুদ্ধ সানাদে সূরাহ্ আল ফা-তিহাহ্ পাঠের হাদীস বিদ্যমান থাকায় ঐ দুর্বলতা দূর হয়ে গেছে। এছাড়াও বহু রকমের হাসান সহীহ রিওয়ায়াতে জানাযায় সূরাহ্ আল ফা-তিহাহ্ পাঠের কথা বলা হয়েছে। বিস্তারিত আলোচনা পূর্বে ১৬৩৯ নং হাদীসে হয়ে গেছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন